তারিখ ... 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

নজরুল বিশ্ববিদ্যালয়

# ভারপ্রাপ্ত ভিসিকে প্রতিহতের ঘোষণা

■ **ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি**

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য (ভিসি) এএমএম শামসুর রহমানকে আত্মস্বীকৃত দুর্নীতিবাজ আখ্যা দিয়ে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছে আন্দোলনরত বিশ্ববিদ্যালয় পরিবার। গতকাল সোমবার এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয় পরিবারের ব্যানারে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা এ ঘোষণা দেন।

ভারপ্রাপ্ত উপাচার্যের বিরুদ্ধে আন্দোলনের দশম দিনে গতকাল দুপুরে তারা প্রশাসনিক ভবন প্রতীকী তালাবদ্ধ, বিক্ষোভ মিছিল ও জয়বাংলা চত্বরে টায়ারে অগ্নিসংযোগ করেন। পরে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নজরুল বিশ্ববিদ্যালয়ে দুর্নীতিবিরোধী আন্দোলনের মুখপাত্র রেজুয়ান আহমেদ শুভ্র। তিনি বলেন, ভারপ্রাপ্ত উপাচার্য এএমএম শামসুর রহমান একজন আত্মস্বীকৃত দুর্নীতিবাজ। দুর্নীতির স্বার্থে তিনি রাষ্ট্রপতির নামও ব্যবহার করেছেন। তার বিরুদ্ধে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বরাবর স্মারকলিপি দেওয়া হবে।

রেজুয়ান আহমেদ শুভ্র আরও বলেন, আগামী সোমবারের মধ্যে বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগ না দিলে প্রশাসনিক ভবনে তালা লাগিয়ে দেওয়া হবে।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও পরিবেশনাবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক রুহুল আমীন, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় কুমার প্রমুখ।